

প্রথম খানো

তারিখ 7 MAY 2012  
পৃষ্ঠা কলাম

ঢাকা বিশ্ববিদ্যালয়  
ইউনেস্কো মহাপরিচালকের  
জন্য বিশেষ সমাবর্তন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

ইউনেস্কোর প্রথম মহিলা মহাপরিচালক ইরিনা জর্জেভা বোকোভাকে সম্মানসূচক 'ডক্টর অব লক্ষ' ডিগ্রি দেবে ঢাকা বিশ্ববিদ্যালয়। গত রোববার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

আগামী ৯ মে বিশ্ববিদ্যালয়ের নবাব নগর বাসী চৌধুরী সিনেট ভবনে একটি বিশেষ সমাবর্তনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি জিহুর রহমান আনুষ্ঠানিকভাবে তাঁকে এ ডিগ্রি দেবেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডাঃ আঃ মঃ আরেফিন সিক্কি অধ্যাপকদের বলেন, শিক্ষা ও বিজ্ঞানসহ বিভিন্ন খাতে অবদানের স্বীকৃতিস্বরূপ ইরিনাকে এ ডিগ্রি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

রাজনীতিবিদ ইরিনা ১৯৫২ সালের ১২ জুলাই বুলগেরিয়ায় জন্মগ্রহণ করেন। বুলগেরিয়ান সমাজতান্ত্রিক পার্টি থেকে তিনি দুবার সংসদ সদস্য নির্বাচিত হন। তিনি মন্ত্রী, উপমন্ত্রী ও রাষ্ট্রদূতের দায়িত্ব পালন করেছেন।

সর্বশেষ ১৫ অক্টোবর ২০০৯ সালে অনুষ্ঠিত ইউনেস্কোর ৩৫তম সাধারণ সভায় তিনি ইউনেস্কোর দশম মহাপরিচালক হিসেবে নির্বাচিত হন। ইরিনার অবদানের জন্য ইতালি ও ফিলিপাইনের দুটি বিশ্ববিদ্যালয় তাঁকে সম্মানসূচক ডক্টর ডিগ্রি দিয়েছে।